

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৩৯.১৪.০০২.১৩ (অংশ-৪).৮০

তারিখঃ ২১ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ভ্যাট অনলাইন প্রকল্পের আওতায় বৈদেশিক প্রশিক্ষণের অংশ হিসেবে (ব্যাচ-১) ২৬ মার্চ-০১ এপ্রিল অথবা সুবিধাজনক নিকটবর্তী সময়ে থাইল্যান্ড ভ্রমণ সংক্রান্ত।


সূত্রঃ (১) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং-০৮.০০.০০০০.০৩৯.১৪.০০২.১৩ (অংশ-৪)-৭৮, তারিখ: ০২.০৪.২০১৮ খ্রিঃ।
(২) ভ্যাট অনলাইন প্রকল্পের পত্র নং-০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২ (৩৫)/২০১৭/৩৪৬, তারিখ: ০৩.০৪.২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নিম্নোক্ত শর্তাধীনে ভ্যাট অনলাইন প্রকল্পের আওতায় বৈদেশিক প্রশিক্ষণের অংশ হিসেবে (ব্যাচ-১) ২৬ মার্চ-০১ এপ্রিল, ২০১৮ সময়ে অথবা সুবিধাজনক নিকটবর্তী সময়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করার জন্য মনোনীত কাস্টমস বিভাগের ৩০ (ত্রিশ) জন কর্মকর্তার থাইল্যান্ড ভ্রমণের সরকারী আদেশ (কপি সংযুক্ত) এতদসঙ্গে প্রেরণ করা হলো।

শর্তাবলীঃ-

- ১। উক্ত প্রশিক্ষণে বৈদেশিক মুদ্রা ব্যবহারের ক্ষেত্রে কোন অনিয়ম পরিলক্ষিত হলে প্রকল্প পরিচালক এবং প্রস্তাবনা প্রস্তুতের সাথে জড়িত প্রকল্পের অন্যান্য কর্মকর্তাগণ দায়ী থাকবেন;
২. পরবর্তী সকল স্বল্প মেয়াদী বৈদেশিক প্রশিক্ষণের জন্য আরডিপিপি-তে বর্ণিত সকল মন্ত্রণালয়/সংস্থা/দপ্তরের প্রতিনিধি অন্তর্ভুক্ত করে দল গঠন করতে হবে;
৩. প্রশিক্ষণ আয়োজনের কমপক্ষে ১ (এক) মাস পূর্বে মনোনয়নের জন্য বিবেচিত কর্মকর্তাদের নাম প্রস্তাব করে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে;
৪. কোন বিভ্রান্তিমূলক তথ্য পরিবেশন করে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হলে দায়ী কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তিঃ সরকারী আদেশ (জি.ও) ৩০ কপি।


০৪/০৪/১৮
(দিলিপ কুমার সরকার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২০৮

প্রকল্প পরিচালক,
ভ্যাট অনলাইন প্রকল্প
আইডিইবি ভবন
কাকরাইল, ঢাকা-১০০০।

অনুলিপিঃ

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ২। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৩। উপ-প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প। (তাকে মনোনীত কর্মকর্তাদের বরাবরে জি.ও কপি প্রেরণের অনুরোধসহ)।